

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২২

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে ক্রয়-বিক্রয়, হারাম বস্তু তালাশ করা এবং কবিতা পাঠ অপছন্দনীয় কাজ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الْبَيْعِ وَالشِّرَاءِ وَإِنْشَادِ الضَّالَّةِ وَالشِّعْرِ فِي الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا قُتُيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ عَجْلاَنَ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبِ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنَّهُ نَهَى عَنْ تَنَاشُدِ الأَشْعَارِ فِي الْمَسْجِدِ وَعَنِ الْبُيْعِ وَالْإِشْتِرَاءِ فِيهِ وَأَنْ يَتَحَلَّقَ النَّاسُ فِيهِ يَوْمَ الْجُمُعَةِ قَبْلَ الصَّلَاةِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ بُرِيْدَةَ وَجَابِرٍ وَأَنْسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ حَدِيثٌ عَسْنٌ . وَعَمْرُو بْنِ الْعَاصِ . قَالَ مُحَمَّدُ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ . قَالَ مُحَمَّدُ بْنُ عِبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ . قَالَ مُحَمَّدُ بْنُ عِبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ . قَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ رَأَيْتُ أَحْمَدَ وَإِسْحَاقَ وَذَكَرَ غَيْرَهُمَا يَحْتَجُونَ بِحَدِيثَ عَمْرِو بْنِ شُعَيْبُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو . قَالَ أَبُو عِيسَى قَلْلُ مُحَمَّدُ مِنْ جَدِّهِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو . قَالَ أَبُو عِيسَى وَمَنْ تَكَلَّمَ فِي حَدِيثَ عَمْرِو بْنِ شُعَيْبُ إِنَّمَا ضَعَقَهُ لأَنَّهُ يُحَدِّثُ عَنْ صَحِيفَةٍ جَدّهِ كَأَنَّهُمْ وَمَنْ تَكَلَّمَ فِي حَدِيثَ عَمْرو بْنِ شُعَيْبُ إِنَّمَا ضَعَقَهُ لأَنَّهُ يُحَدِّثُ عَنْ صَحِيفَةٍ جَدّهِ كَأَنَّهُمْ وَمَنْ يَسْمَعْ هَذَهِ الأَحَادِيثَ مِنْ جَدِّهِ . قَالَ عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ وَذُكِرَ عَنْ يَحْيَى بْنِ مَوْمَ الْمَسْجِدِ وَبِهِ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ . وَقَدْ رُويَ عَنْ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنَ النَّيْقِ صَلَى الله عليه والشَرَاءِ فِي الْمَسْجِدِ . وَقَدْ رُويَ عَنِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم فِي غَيْرِ حَدِيثُ رُخْصَةٌ فِي إِنْشَادِ الشَّعْرِ فِي الْمَسْجِدِ . وَقَدْ رُويَ عَنِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم فِي غَيْرِ حَدِيثٍ رُخْصَةٌ فِي إِنْشَادِ الشَعْرِ فِي الْمَسْجِدِ .

বাংলা

৩২২. কুতায়বা (রহঃ) আমর ইবনু শুআয়ব, তাঁর পিতা (মুহাম্মাদ) পিতামহ আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহ্ আনহ সূত্রে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মসজিদে কবিতা পাঠ ও ক্রয়-বিক্রয় করা এবং জুমুআর দিন সালাতের পূর্বে গোল হয়ে বসা নিষিদ্ধ করেছেন। - ইবনু মাজাহ ৭৪৯, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২২ [আল মাদানী প্রকাশনী]



এই বিষয়ে বুরায়দা, জাবির ও আনাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদীসটি হাসান। আমর ইবনু শুআয়ব হলেন আমর ইবনু শুআয়ব ইবনু মুহাম্মাদ ইবনু আবদিল্লাহ ইবনু আমর ইবনুল আস। মুহাম্মাদ ইবনু ইসমাঈল আল-বুখারী (রহঃ) বলেনঃ ইমাম আহমদ, ইসহাক প্রমুখ বিশেষজ্ঞগণ আমর ইবনু শুআয়ব-এর রিওয়ায়াত প্রমাণযোগ্য বলে মত প্রকাশ করেছেন। তিনি আরো বলেছেনঃ আবদুল্লাহ ইবনু আমর থেকে শুআয়ব ইবনু মুহাম্মাদ হাদীস শুনেছেন।

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আমর ইবনু শুআয়বের রিওয়ায়াত সম্পর্কে যাঁরা সমালোচনা করেন তাঁরা তাঁকে যঈফ বলে মত দিয়েছেন। কারণ তিনি তাঁর পিতামহের পাণ্ডুলিপি থেকে রিওয়ায়াত করতেন। অর্থাৎ তাঁরা মনে করেন, এই হাদীসগুলি তিনি তাঁর পিতামহ থেকে শুনেন নি। ইয়াহইয়া ইবনু সাঈদের উদ্ধৃতি দিয়ে আলী ইবনু আবদিল্লাহ বলেন যে, তিনি বলেছেনঃ আমাদের কাছে আমর ইবনু শুআয়ব-এর রিওয়ায়াতসমূহ ভিত্তিহীন।

আলিম ও ফকীহগণের একদল মসজিদে ক্রয়-বিক্রয় করা মাকরাহ বলে মত পোষণ করেন। ইমাম আহমদ ও ইসহাকের অভিমতও এ-ই। কতক তাবিঈ আলিম ও ফকীহ থেকে বর্ণিত আছে, তাঁরা মসজিদে বেচা-কেনা করার অনুমতি আছে বলে মনে করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামথেকে অপর একটি হাদীসে বর্ণিত আছে যে, তিনি মসজিদে কবিতা পাঠের অনুমতি দিয়েছেন।

English

Amr bin Shu'aib narrated from his father, from his grandfather (Abdullah bin Amr Al-As), that :

Allah's Messenger prohibited the recitation of poetry in the Masjid, and from selling and buying in it, and (he prohibited) the people from forming circles in it on Friday before the Salat."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন